# বাংলাদেশ সুপ্রীম কোর্ট
## আপীল বিভাগ,ঢাকা।

নং ৭৭২ /২০১৩ এস সি (এডি) তারিখঃ ১৬/১/১৩

## পুনঃকোটেশন আহবান (৩য় বার)

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের বিভিন্ন অফিস/চেম্বারে ব্যবহারকৃত কম/বেশী ৬০০০ (ছয় হাজার) বর্গফুট পুরাতন কার্পেট বিক্রির জন্য প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হইতে পুনঃকোটেশন আহবান করা যাইতেছে ঃ-

## কোটেশনের শর্তাবলী

১। আগামী ৩০/০১/২০১৩খ্রিঃ তারিখ বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত আপীল বিভাগের সহকারী রেজিস্ট্রার (প্রশাসন) এর কক্ষে রক্ষিত বাক্সে কোটেশন দাখিল করিতে হইবে এবং ঐ দিনই বেলা ১২:১৫ ঘটিকার সময় কোটেশন দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) কোটেশন বক্স খোলা হইবে।

২। কোটেশনে প্রতি বর্গফুটের মূল্য নিজ নিজ প্রতিষ্ঠানের প্যাডে উল্লেখ করিতে হইবে এবং হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স সংযুক্ত করতঃ কোটেশন দাখিল করিতে হইবে। খামের উপর কার্পেট ক্রয়ের কোটেশন শব্দটি উল্লেখ করিতে হইবে।

৩। কোটেশনের সহিত ৫০০০/-টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (ফেরতযোগ্য) নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে জমা দিতে হইবে। নগদ অর্থ গ্রহণযোগ্য নহে।

৪। কার্যাদেশ প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে সমুদয় মূল্য নগদ পরিশোধ করিয়া মালামাল নিজ তত্ত্বাবধানে সুপ্রীম কোর্টের বাহিরে স্থানান্তর করিতে হইবে।

৫। উল্লেখিত কার্পেট সম্পর্কিত কোন তথ্যাদি জানিতে চাহিলে অফিস চলাকালীন সময়ে কোর্ট অফিসার শাখায় যোগাযোগ করা যাইতে পারে।

৬। অসম্পূর্ন, শর্তযুক্ত, কাঁটা-ছেঁড়া বা ফ্লুইড ব্যবহৃত কোটেশন এবং নির্ধারিত সময়ের পরে কোন কোটেশন কোনক্রমেই গ্রহণযোগ্য নহে।

৭। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান মালামাল গ্রহণে অস্বীকৃতি জানাইলে বা ব্যর্থ হইলে দাখিলকৃত জামানত বাজেয়াপ্ত করা হইবে।

৮। কর্তৃপক্ষ সর্বোচ্চ কোটেশন গ্রহণে বাধ্য নহে এবং কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন গ্রহণ অথবা সকল কোটেশন বাতিল করার পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন।

আদেশক্রমে,

১৬/১/১৩

(মোঃ ইসহাক মিয়া)
ডেপুটি রেজিস্ট্রার
বাংলাদেশ সুপ্রীম কোর্ট,
আপীল বিভাগ, ঢাকা

প্রচারের জন্য অনুলিপিঃ-

১। নোটিশ বোর্ড, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
২। নোটিশ বোর্ড, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৩। নোটিশ বোর্ড, সলিসিটর অফিস, ঢাকা।
৪। নোটিশ বোর্ড, আইন কমিশন, ঢাকা।
৫। নোটিশ বোর্ড, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন।
৬। নোটিশ বোর্ড, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইট।